

ব্যাংকসমূহে স্কুল ব্যাংকিং কার্যক্রম প্রসঙ্গে।

স্কুল ছাত্র/ছাত্রীদেরকে ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে পরিচিত করা এবং সঞ্চয়ের মাধ্যমে কোমলমতি ছাত্র-ছাত্রীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে দেশের Financial Inclusion বৃদ্ধির লক্ষ্যে বিশেষ গুরুত্বের সাথে স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য ০২ নভেম্বর, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে সকল তফসিলী ব্যাংককে পরামর্শ দেয়া হয়েছে। উক্ত সার্কুলারের প্রেক্ষিতে ব্যাংকসমূহ বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করেছে এবং স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য ব্যাংকসমূহ ইতোমধ্যে ছাত্র/ছাত্রীদের জন্য আকর্ষণীয় মুনাফা সহ বিভিন্ন নামীয় স্কীম চালু করেছে। নিম্নে ৩১/১২/২০১১ তারিখ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের হালনাগাদ তথ্যাদি বিস্তারিত ভাবে উল্লেখ করা হলো :

ব্যাংক	৩১/১২/২০১১ তারিখ ভিত্তিক হিসাব সংখ্যা	স্থিতি(কোটি টাকায়)
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক(০৪টি)	৩৫৪	১.১৬
বিশেষায়িত ব্যাংক (০৪টি)	৬৩৭	০.১৭
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৩০টি)	২৭৮৩০	২৯.০৪
বিদেশী ব্যাংক(০৯টি)	২৫৯	০.৪২
মোট (৪৭টি ব্যাংক)	২৯,০৮০	৩০.৭৯ টাকা

উল্লেখ্য, স্কুল ব্যাংকিং এর আওতায় ৩০/০৯/২০১১ তারিখ পর্যন্ত মোট ৩২ টি ব্যাংক স্কুল ব্যাংকিং চালু করেছিল এবং উক্ত তারিখে মোট হিসাবের সংখ্যা ছিল ১৯,৫৯৪টি। অন্যদিকে, ৩১/১২/২০১১ তারিখে ৩৬টি ব্যাংকে মোট হিসাবের সংখ্যা দাড়িয়েছে ২৯,০৮০টি এবং হিসাবের বিপরীতে মোট স্থিতি টাকা ৩০.৭৯/- কোটি (ত্রিশ কোটি উনআশি লক্ষ টাকা)। এছাড়া, ব্যাংকসমূহে প্রণীত বিভিন্ন স্কীমের আওতায় প্রতি হিসাবের বিপরীতে গড় স্থিতি প্রায় ১০,৫৯০/- টাকা।
